
দৈনিক জনকণ্ঠ

MAY 30 2002

# কারিগরি বিষয়ে শিক্ষা

## নতুন এক সম্ভাবনার স্বপ্ন



এক সময় এসএসসি পরীক্ষার পর ছাত্রছাত্রী এবং সেই সঙ্গে অভিভাবকরা বেশ লম্বা শ্বাস ছাড়তেন এই ভেবে যে, যাক আসল সিঁড়িটা পার হওয়া গেছে। কিন্তু আজকের দিনে সঙ্কট এবং দুঃস্বপ্নের এটাই শুরু। উচ্চশিক্ষার নানা অনিশ্চয়তা ক্রমশ গ্রাস করছে আমাদের জীবনকে। স্বপ্নগুলো হারিয়ে যাচ্ছে, প্রত্যাশা ভেঙ্গে যাচ্ছে। কিন্তু কখনও কি আমরা ভেবে দেখেছি গতানুগতিক ধারার শিক্ষার বাইরেও অন্য জীবন আছে, আছে অন্য সম্ভাবনা?

বহুকাল ধরে আমাদের সমাজে ডাক্তার, ইঞ্জিনিয়ারদেরই কদর বেশি। কিন্তু উচ্চ মাধ্যমিকের পর সে সব বিষয়ে উচ্চ শিক্ষার সুযোগ আজ আর নিশ্চিত নয়। স্বপ্ন সফল হবে, তবে একটু অন্যভাবে। যারা বাস্তবতাকে উপলব্ধি করতে পারেন তাঁরা জেনে নিন গতানুগতিক ধারার বাইরে কিছু বিষয়। বিভিন্ন কারিগরি বিষয়ে ডিপ্লোমা মাধ্যমিকের পর খুলে দিতে পারে– এমন অনেক সম্ভাবনার দরজা।

যেসব বিষয়ে ডিপ্লোমা পড়া যায়–

১. ডিপ্লোমা ইন এ্যাগ্রিকালচার
২. ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং
৩. ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি
৪. ডিপ্লোমা ইন মেরিন টেকনোলজি
৫. ডিপ্লোমা ইন সিরামিক টেকনোলজি
৬. ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজি
৭. ডিপ্লোমা ইন নার্সিং এবং
৮. ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি

**ডিপ্লোমা ইন এ্যাগ্রিকালচার**

এটি ৩ বছর মেয়াদী কোর্স। যে কোন বিভাগ থেকে এসএসসি পাস করলেই এই কোর্সে ভর্তি হওয়া যায়। তবে ভর্তি হওয়ার ন্যূনতম যোগ্যতা ধরা হয় GPA ২.২৫ (সি+)-কে। সাধারণত এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাসমূহে ভর্তি বিজ্ঞপ্তি দেয়া হয়। বাংলাদেশে প্রায় ১৪টির মতো ATI (Agricultural Training Institute) রয়েছে। আর এখান থেকেই করা যায় ডিপ্লোমা ইন এ্যাগ্রিকালচার।

**ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং**

কিছুদিন আগেও এটা ছিল ৩ বছর মেয়াদী কোর্স। তবে বর্তমানে এই কোর্সটি ৪ বছর মেয়াদী করা হয়েছে। এই কোর্সেও যে

মাধ্যমিকের পর

কোন বিভাগ থেকে এসএসসি পাস করে ভর্তি হওয়া যায়। তবে ভর্তির ন্যূনতম যোগ্যতা হিসাবে GPA ২.২৫ (সি+)-কে ধরা হয়। সাধারণত এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তি বিজ্ঞপ্তি দেয়া হয়। ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পড়ার জন্য বাংলাদেশে প্রায় ২৪টি সরকারী এবং ২৬টি বেসরকারী পলিটেকনিক ইনস্টিটিউট রয়েছে।

**ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি**

এটিও ৩ বছরের কোর্স। এই কোর্সটিতে ভর্তি হওয়ার প্রাথমিক যোগ্যতা হচ্ছে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পাস। যাদের GPA ২.২৫ (সি+) তারা সকলেই ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এখানেও এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তি বিজ্ঞপ্তি দেয়া হয়। এই কোর্সটিতে পড়ার জন্য বাংলাদেশে প্রায় ১৯টি সরকারী প্যারামেডিক্যাল স্কুল এবং দু'টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি রয়েছে।

**ডিপ্লোমা ইন মেরিন টেকনোলজি**

৩ বছর মেয়াদী এই কোর্সটিতে ভর্তি হওয়ার প্রাথমিক যোগ্যতা হচ্ছে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পাস। তবে ন্যূনতম যোগ্যতা হিসাবে GPA ২.২৫ (সি+)-কে ধরা হয়। এসএসসি পরীক্ষার রেজাল্টের পর পরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। এই কোর্সটি করা যাবে নারায়ণগঞ্জে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (ঈস্তুক) থেকে।

**ডিপ্লোমা ইন সিরামিক টেকনোলজি**

৩ বছর মেয়াদী এই কোর্সটিতে যে কোন বিভাগ থেকে এসএসসি পাস করেই ভর্তি হওয়া যায়। তবে ভর্তির ন্যূনতম যোগ্যতা ধরা হয় GPA ২.২৫ (সি+)-কে। এখানেও এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। কোর্সটি করা যাবে ঢাকার তেজগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এ্যান্ড সিরামিক (ঈস্তুক) থেকে।

**ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজি**

৩ বছর মেয়াদী এই কোর্সটিতে ভর্তির যোগ্যতা বিজ্ঞান বা ভোকেশনাল বিভাগ থেকে এসএসসি (ন্যূনতম GPA ২.২৫) পাস। এসএসসি পরীক্ষার রেজাল্টের পর পরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। কোর্সটি করার জন্য বাংলাদেশে ৬টি সরকারী টেক্সটাইল ইনস্টিটিউট রয়েছে।

**ডিপ্লোমা ইন নার্সিং**

৪ বছর মেয়াদী এই কোর্সে যে কোন বিভাগ থেকে এসএসসি পাস করেই ভর্তি হওয়া যায়। তবে ভর্তির ন্যূনতম যোগ্যতা হিসাবে GPA ২.২৫ (সি+)-কে ধরা হয়। সাধারণত এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। কোর্সটি করা যাবে ঢাকা মেডিক্যাল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, রাজশাহী মেডিক্যাল কলেজ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ, বরিশাল মেডিক্যাল কলেজ, রংপুর মেডিক্যাল কলেজ এবং সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালের নার্সিং ইনস্টিটিউটে। এ ছাড়া বাজিতপুর জহুরুল ইসলাম মেডিক্যাল কলেজ, রেড ক্রিসেন্ট হলিফ্যামিলি হাসপাতাল, চন্দ্রঘোনা নার্সিং ট্রেনিং সেন্টার এবং মির্জাপুর নার্সিং ট্রেনিং সেন্টারেও এই কোর্সটি করা যাবে।

**ও ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি**

৩ বছর মেয়াদী এই কোর্সটিতে ভর্তির প্রাথমিক যোগ্যতা হলো বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি (GPA ২.২৫) পাস। এসএসসি পরীক্ষার রেজাল্টের পরপরই জাতীয় দৈনিক পত্রিকাতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। এই কোর্সটি করা যাবে সাভারে অবস্থিত সিআরপি ট্রেনিং ইনস্টিটিউট থেকে।

**ডিপ্লোমা কোর্সে কর্মসংস্থানের সুযোগ কেমন**

যতগুলো ডিপ্লোমা কোর্সের কথা এই প্রতিবেদনে আলোচনা করা হলো, তার প্রত্যেকটি থেকেই পাস করার পর যথেষ্ট কাজের সুযোগ রয়েছে। সরকারী এবং বেসরকারী উভয় প্রতিষ্ঠানেই কাজের সুযোগ আছে। এ ছাড়া একটু সচেতন হলে দেশের বাইরেও চাকরি খুঁজে নেয়া সম্ভব।

**আরও কিছু কথা**

কিছুদিনের মধ্যেই এসএসসি পরীক্ষার রেজাল্ট হয়ে যাবে। আপনারা যদি সময় উপযোগী এই সব কারিগরি কোর্স করবেন বলে ভেবে থাকেন, তাহলে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনার হাতে সময় খুব বেশি নেই। তুমুল প্রতিযোগিতা করে ভর্তি পরীক্ষায় টিকতে হলে আপনাদের এখনই প্রস্তুতি নিতে হবে। যে কোন কোর্সেই ভর্তি হতে যান না কেন, তার জন্য আপনাকে প্রস্তুতি নিতে হবে এসএসসির পাঠ্যবই থেকেই। কারণ ভর্তি পরীক্ষার প্রশ্ন করা হবে পাঠ্যবই থেকে। সুতরাং একেবারে অলস সময় না কাটিয়ে এখন থেকেই প্রতিদিন একটু চর্চা করতে থাকুন।

আরিফ হাসান